# Sanatan Dharma




**গোত্র কি? গোত্র প্রথার উপযোগিতা কি?**

গোত্র হচ্ছে কোন ঋষিবংশ ঐ ঋষির সন্তান ও শিষ্যরা তাদের পরিচয় হিসেবে আমরা অমুক গোত্রভুক্ত বলে পরিচয় প্রকাশ করত। সুতরাং গোত্র হচ্ছে কোন ঋষিসন্তান ও শিষ্য। বৃহদারণ্যক উপনিষদ অনুসারে পূর্বকালের সাতজন ঋষি হতে বংশ বিস্তার হতে থাকে। তাঁরা হলেন গৌতম, ভরদ্বাজ, বিশ্বামিত্র, জমদগ্নি, বশিষ্ঠ, কাশ্যপ, সান্ডিল্য।
সাতজন ঋষি থেকে প্রবাহিত গোত্র ব্যতিত আরও কিছু গোত্রের নামও শোনা যায়। তবে এর কারণ হচ্ছে একই গোত্রদ্ভুত কোনো প্রসিদ্ধ ব্যক্তির নাম অনুসারে পরবর্তী কোনো সময়ে ঐ প্রসিদ্ধ ব্যক্তির নামে গোত্র পরিচয় দেওয়া। যেমন কাশ্যপ গোত্রের বংশক্রমে যদি কোনো ব্যক্তি প্রসিদ্ধ হয় এবং পরবর্তীতে যদি সেই প্রসিদ্ধ ব্যক্তির নামে গোত্র পরিচয় দেওয়া হয়। এইরূপ আরও কিছু গোত্র আছে যেমন বাৎস্য, সার্বন, কৌশিক, মৌদগল্য, আলম্যান, পরাশর, অত্রি, রোহিত, বৃহস্পতি, গর্গ ইত্যাদি।
কোনো যজ্ঞ, পিতৃপুরুষের শ্রাদ্ধ, বিবাহ প্রভৃতি অনুষ্ঠানে পিতৃপুরুষের উদ্দেশ্যে আহূতি/পিণ্ড/অর্ঘ দান করতে হয়। যদি গোত্র উল্লেখ করে আহূতি দেওয়া হয় তবে খুব সহজেই ঐ গোত্রভুক্ত পিতৃপুরুষেরা আহূতি প্রাপ্ত হন।

Published on: Jan, 31 2023 09:34